



## ড্যাফোডিল ভার্শিটি ও এক্সপ্রেস সিকিউরিটির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

নিরাপত্তা ব্যবস্থাকে যুগোপযোগী, উন্নত ও সুরক্ষিত করার লক্ষ্যে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও এক্সপ্রেস সিকিউরিটির মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। গতকাল ড্যাফোডিল ইউনিভার্সিটির সভাকক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকে ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. এ কে এম ফজলুল হক এবং সিকিউরিটি এক্সপ্রেসের স্বত্বাধিকারী মো: খোরশেদ আলম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্মারকে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হামিদুল হক খান, পরিচালক (হিসাব ও অর্থ) মো: মমিনুল হক মজুমদার, প্রকল্প পরিচালক মেজর মো: আরমান আলী ভূইয়া, যুগ্ম পরিচালক সাব্বির আহমেদ, উপপরিচালক নাজিম উদ্দিন সরকার, উর্ধ্বতন সহকারী পরিচালক মো: আনোয়ার হাবিব কাজল, মো: রেজাউল করিম মাসুদ এবং সিকিউরিটি এক্সপ্রেসের প্রধান নির্বাহী কর্মকর্তা মো: শাহাবুদ্দিন শাহীন উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।